বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল
dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ৪৮০(১২০০)

তারিখঃ ০১/০৯/২০২০

মহাব্যবস্থাপক,
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের অত্র বিভাগের পত্র নং-২৩৬, তারিখ-৩০/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। উল্লেখিত পত্রের মাধ্যমে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক অত্র ব্যাংকে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৩৪.০৭ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক করণীয় সম্পর্কিত দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখিত সার্কুলার মোতাবেক সুদ ভূর্তকী এবং এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০, তারিখঃ ২৬/০৪/২০২০ মোতাবেক পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক উল্লেখিত সুবিধা প্রদানের লক্ষ্যে কেস টু কেস ভিত্তিতে যাচাইয়ের নিমিত্তে অত্র ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাদি চাওয়া হয়েছেঃ

ক) প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের কপি;
খ) উদ্যোক্তা/উদ্যোক্তাগণের জাতীয় পরিচয়পত্রের কপি;
গ) ঋণ মঞ্জুরীপত্রের কপি;
ঘ) যে মাসে ঋণ বিতরণ করা হয়েছে সে মাসের শেষ কর্মদিবসভিত্তিক ব্যাংক স্টেটমেন্টের কপি;
ঙ) বিতরণকৃত ঋনাংকের পরিমান ১০.০০ লক্ষ টাকা বা এর বেশী হলে Sales turnover ও Limit calculation এর তথ্যাদি ।

০৩। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে প্রতি মাসে বিতরণকৃত ঋণের তথ্যাদি/দলিলাদির সফটকপি (ZIP ফোল্ডার আকারে) পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র বিভাগের ইমেইলে (dgmsme@krishibank.org.bd) তে প্রেরণ করতে হবে এবং ১০ তারিখের মধ্যে উল্লেখিত দলিলাদির হার্ডকপি ০২ (দুই) প্রস্থে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, সকল প্রকার তথ্যাদি/দলিলাদি বিভাগীয় কার্যালয় সমূহের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ এ প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনসহ বিতরণকৃত ঋণের পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি যথাসময়ে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কতৃক চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণে ব্যর্থতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তিতে কোনরুপ বিঘ্ন সৃষ্টি হলে এর দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

01/09/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

চলমান পাতা-০২

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ৪৮০(১২০০) তারিখঃ ০১/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (প্রাইভেট মেসে)
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০১/০৯/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক